গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নন্দীগ্রাম, বগুড়া।
nondigram.bogra.gov.bd

স্মারক নম্বর: ০৫.১২.২৯৮৪.০০১.০০.০০৬.২৬ ১০৬ — ০৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ

তারিখ:---------------------
২২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: **ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার (Enumerator) নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি।**

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাঁচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" অনুসারে দেশব্যাপী আগামী ১লা আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ লক্ষ্যে নন্দীগ্রাম উপজেলায় তথ্য সংগ্রহের জন্য Enumerator বা জরিপকারী নিয়োজিত করা হবে। উক্ত শুমারি কার্যক্রমে অস্থায়ীভাবে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্রম | কাজের ধরণ | আবেদনের যোগ্যতা | অগ্রাধিকারমূলক বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় ডকুমেন্টস |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান<br>খ) বয়স: ১৮-৪০ বছর<br>গ) ট্যাবলেট/ স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকার ভৌগলিক অবস্থা সম্পর্কে বাস্তবিক জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও দুর্গম এলাকায় কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক/তদুর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) নির্ধারিত ফরমে আবেদনপত্র;<br>খ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র<br>গ) দক্ষতা-অভিজ্ঞতার সনদপত্র<br>ঘ) এককপি ছবি<br>ঙ) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি:<br>চ)স্থায়ী বাসিন্দা /ওই এলাকা সম্পর্কে ভালো জ্ঞান আছে মর্মে সনদপত্রের অনুলিপি |
| ০২ | সুপারভাইজার (প্রতি ০৯ জন বিপরীতে ০১ জন). | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগালিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এলাকা শারিরীকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটাসিংক ও অ্যাপ আপডেট | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) বাবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত। | ক) নির্ধারিত ফরমে আবেদনপত্র;<br>খ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র<br>গ) দক্ষতা-অভিজ্ঞতার সনদপত্র<br>ঘ) এককপি ছবি<br>ঙ) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি:<br>চ)স্থায়ী বাসিন্দা /ওই এলাকা সম্পর্কে ভালো জ্ঞান আছে মর্মে সনদপত্রের অনুলিপি |

| | | |
|---|---|---|
| আবেদন ফরম প্রাপ্তির স্থান | : | উপজেলা সমাজসেবা কার্যালয়, নন্দীগ্রাম বগুড়া এবং ওয়েব সাইট লিংক dss.nondigram.bogra.gov.bd |
| আবেদন ফরম বিতরণের তারিখ | : | ২২-০৭-২০২৬ হতে ২৫-০৭-২০২৬ তারিখ বেলা ৩.৩০ ঘটিকা পর্যন্ত |
| আবেদন ফরম দাখিলের স্থান ও তারিখ | : | উপজেলা সমাজসেবা কার্যালয়, নন্দীগ্রাম বগুড়া, ২২-০৭-২০২৬ হতে ২৫/০৭/২০২৬ তারিখ বেলা ৪.০০ ঘটিকা পর্যন্ত। |
| পরীক্ষা গ্রহণের সম্ভব্য তারিখ ও সময় সূচি | : | ২৬/০৭/২০২৬ খ্রি, সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ , নন্দীগ্রাম বগুড়া। |

শর্তাবলী

১) তথ্য সংগ্রহকারীগণ শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে ।
২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন নুন্যতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩) তথ্য প্রযুক্তি(ট্যাবলেট/ স্মার্ট-ফোন ওয়েব অ্যাপ্লিকেশন ব্যবহারে দক্ষ হতে হবে।
৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফলতি করা যাবে না।
৫) কোনক্রমেই ভুল তথ্য বা পক্ষপাতমূলক তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।

৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক।

৭) ট্যাবলেট সযত্নে রক্ষণ করতে হবে, অবহেলাজনিত কারণে ক্ষতি হয়েছে মর্মে প্রমাণিত হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।

৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড প্রাপ্তির প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো বা কোন ধরণের বিনিময় (অর্থ খাদ্য উপহার গ্রহন) সম্পূর্ণ নিষিদ্ধ।

৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।

১০) রিজার্ভ তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহকারী হিসেবে মতায়ন না হলে শুধু প্রশিক্ষণভাতা প্রযোজ্য ।

১১) রিজার্ভদের নিজস্ব ট্যাবলেট প্রস্তুত থাকবে এবং প্রতি তিনদিন অন্তর উপজেলা / পৌরসভা কমিটিকে রিপোর্ট করতে হবে; এবং

১২) সরকার কর্তৃক জারিকৃত ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা, ২০২৬, ফ্যমিলি কার্ড বাস্তবায়ন নীতিমালা, ২০২৬ ও সময় জরীকৃত অন্যন্য নির্দেশনাবলী প্রযোজ্য ও অনুসরণীয় হবে।

১৩)কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে কোন শর্ত, সময়সূচি বা কার্যক্রম সংশোধন, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২২।০৭।২০২৬

শারমিন আরা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
নন্দীগ্রাম, বগুড়া।
E-mail: uno.nandigram@gmail.com

স্মারক নম্বর: ০৫.১২.২৯৮৪.০০১.০০.০০৬.২৬- ৩৬৬

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৩৯, বগুড়া-০৪, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
০৩। পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী।
০৫। জেলা প্রশাসক, বগুড়া।
০৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া।
০৭। উপজেলা আইসিটি,অফিসার, নন্দীগ্রাম, বগুড়া। [ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহ]
০৮। সভাপতি/সাধারণ সম্পাদক,........................................................ (সকল প্রেস ক্লাব) নন্দীগ্রাম, বগুড়া। [প্রচারের অনুরোধ সহ]
০৯। অফিস কপি।

২২/০৭/২৬

মো: গোলাম মোস্তফা
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
নন্দীগ্রাম, বগুড়া।